

13

2021

‘এবং মহায়া’ -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ৮৬পৃ.তালিকার ৬০ পৃ.এবং ৮৪পৃ.উল্লেখিত।

# এবং মহায়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩২ (ক) সংখ্যা

এপ্রিল, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

Prasanta Kumbhakar

## মনোজ মিত্রের 'নরক গুলজার' :

### নরক নয় মর্ত্যের গুলজার

প্রশান্ত কুম্ভকার

সাম্প্রতিক কালের একজন প্রথিতযশা নট ও নাট্যকার হিসেবে মনোজ মিত্র শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত। তাঁর সমসাময়িক নাট্যকারগণ যখন যুগসংকট অর্থাৎ দেশভাগ, মহামারী, উদ্বাস্তু সমস্যা, খাদ্য-বস্ত্র-বাসস্থানের সমস্যা প্রভৃতি গুরুগম্ভীর বিষয় নিয়ে গুরুগম্ভীর নাটক রচনায় ব্যস্ত তখন নাট্যকার মনোজ মিত্র এই ধারাতে অবস্থান করেও মানুষের গভীরতর জীবনসত্যকে কৌতুক রসের মাধ্যমে পরিবেশন করে নাট্যজগতে এক ভিন্ন ধারার সৃষ্টি করেছেন। বিষয়ের গভীরতাকে লঘু না করে ইহজগতের উৎপীড়ন, অনাচার, ভণ্ডামি, শয়তানির বাস্তব চিত্র আমাদের সামনে উপস্থাপন করেছেন। সাধুসন্তের ভেকধরা ধর্মীয় জালিয়াতিকে, রাজনীতির ভেকধারী নেতার ছদ্মবেশকে তিনি নির্মম হস্তে টেনে খুলে দিয়েছেন তাঁর নাটকে।<sup>১</sup> দেব-দেবী, স্বর্গ-মর্ত্যের কাহিনির অন্তরালে নাট্যকার সমকালীন সামাজিক অস্থিরতা এবং অসঙ্গতিকেই নাটকের মধ্যে তুলে ধরেছেন। তাই তাঁর পুরাণ আশ্রিত নাটকগুলিও চূড়ান্তভাবে সামাজিক। এরকমই একটি পুরাণ-আশ্রিত নাটক হল 'নরক গুলজার'।

'নরক গুলজার' শব্দবন্ধটির অর্থ হল পাপী ও দুর্বৃত্তদের সমাগমে আসর গরম।<sup>২</sup> 'গুলজার' একটি ফারসী শব্দ, যার অর্থ লোকে পরিপূর্ণ বা কোলাহলপূর্ণ।<sup>৩</sup> এছাড়াও চমকদার, জাঁকাল, ভড়কাল, শব্দসংকুল, জমজমে, উজ্জ্বল, শোভন, শোভাস্বিত, দেদীপ্যমান প্রভৃতি অর্থেও গুলজার শব্দটির প্রয়োগ হয়ে থাকে। 'নরক গুলজার' নাটকে মূলত পাপী ও দুর্বৃত্তদের কীর্তিকলাপ বাস্তবরূপে চিত্রিত হয়েছে। উঠে এসেছে বাংলার সামাজিক অবক্ষয়ের চূড়ান্ত রূপ। মহাজন, রাজনৈতিক নেতা, গুন্ডা-মস্তান প্রভৃতি সমাজের শোষণ শ্রেণীর প্রতিনিধি। আর শোষিত শ্রেণীর প্রতিনিধি হল মানিক ও ফুল্লরার মতো মানুষেরা। এরা সর্বহারা। নাটকে স্বর্গ আসলে স্বর্গনয়, রাষ্ট্রক্ষমতার ধারক ও বাহক রাজনৈতিক মহল; নরক আসলে নরক নয়, পাপী ও দুর্বৃত্তদের সংশোধনাগার; দেবতা আসলে দেবতা নন, লোভ-ক্রোধাতুর এবং দুর্নীতিগ্রস্ত রাষ্ট্র পরিচালক। এগুলি এই মর্ত্যেরই চরিত্র যা নাট্যকার অতি